# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। আদমজী ক্যান্টনমেন্ট **কলেজের নিজস্ব অর্থায়নে** নিম্নবর্ণিত পদসমূহের সৃষ্ট/শূন্য পদে জনবল নিয়োগ করা হবে:

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও বেতন স্কেল |
|---|---|
| ক। আইটি কর্মকর্তা- ০১ জন | (১) কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-এ চার বছরের অনার্স অথবা বিএসসি ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>(২) Oracle, Java, Php, Mysql, Web Designing, .Net, C#, SQL Database সম্পর্কে দুই বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার এবং নেটওয়ার্কিং এ দুই বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(৩) ৩১-০৮-২০২৬ তারিখে বয়স অনূর্ধ্ব-৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।<br>**বেতন স্কেল:** জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী মূল বেতন ২২,০০০/- – ৫৩,০৬০/- (গ্রেড-৯) |
| খ। অফিস সহকারী- ০১ জন | (১) ন্যূনতম স্নাতক ডিগ্রি। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক পর্যন্ত গ্রহণযোগ্য।<br>(২) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(৩) বয়স: ৩১-০৮-২০২৬ তারিখে বয়স অনূর্ধ্ব-৩২ বছর।<br>(৪) সেনাবাহিনীর সার্জেন্ট (ক্লার্ক) পদবির ব্যক্তিদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৪৫ বছর ও শারীরিকভাবে যোগ্য হতে হবে।<br>**বেতন স্কেল:** জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী মূল বেতন ৯,৭০০/- – ২৩,৪৯০/- (গ্রেড-১৫) |
| গ। ইলেকট্রিশিয়ান- ০১ জন | (১) ন্যূনতম যোগ্যতা: এসএসসি পাস।<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৬ মাসের ট্রেড কোর্স সম্পন্ন। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(৩) ৩১-০৮-২০২৬ তারিখে বয়স অনূর্ধ্ব-৩২ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।<br>**বেতন স্কেল:** জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী মূল বেতন: ৯,৩০০/- - ২২,৪৯০/- (গ্রেড-১৬) |

২। **অন্যান্য সুবিধা**। সরকারি নিয়মে বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, সন্তোষজনক চাকরির ভিত্তিতে ইনসেনটিভ অ্যালাউন্স এবং কলেজের ভালো ফলাফলের ভিত্তিতে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী ক্ষেত্রবিশেষে উৎসাহ ভাতা প্রদান করা হতে পারে। এছাড়া চাকরি স্থায়ী হলে কলেজের বিধি মোতাবেক কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি সুবিধা প্রদান করা হবে।

৩। **আবেদনের নিয়মাবলি**। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রের সাথে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (**মোবাইল নম্বরসহ**), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা এক কপি রঙিন ছবি এবং যে কোনো সিডিউল ব্যাংক হতে ক্রমিক নং ক-তে উল্লিখিত পদের জন্য ১০০০/- টাকা এবং খ ও গ পদের জন্য ৬০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অধ্যক্ষ, আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ক্যান্টনমেন্ট এর অনুকূলে আগামী ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। **নির্বাচনি পরীক্ষা**। নির্বাচনি পরীক্ষার তারিখ ও সময় এসএমএস এর মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। আলাদাভাবে কোনো ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না এবং এ জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। যে কোনো আবেদন গ্রহণ/বাতিল এবং প্রয়োজনে সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

অধ্যক্ষ